

ঢাবির সিনেটে পাঁচ এমপিকে মনোনয়ন দিলেন স্পিকার

ঢাবি প্রতিনিধি

২৪ এপ্রিল ২০২৬, ১০:২৭ পিএম



পাঁচ সংসদ সদস্যকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সিনেট সদস্য হিসেবে মনোনয়ন দিয়েছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ এমপি। তারা হলেন, আমানুল্লাহ আমান (ঢাকা-২ আসন), খায়রুল কবির খোকন (নরসিংদী-১), এ কে এম ফজলুল হক মিলন (গাজীপুর-৫), কামরুজ্জামান (মুন্সিগঞ্জ-৩) এবং আমিরুল ইসলাম খান (সিরাজগঞ্জ-৫)।

গত বৃহস্পতিবার সংসদ সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব নিবিড় রঞ্জন তালুকদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এ তথ্য শুক্রবার আমিরুল ইসলাম খান এমপিও নিশ্চিত করেছেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর আর্টিক্যাল ২০(১) (ই) ধারা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হিসেবে পাঁচ জন সংসদ সদস্যকে মনোনয়ন দিয়েছেন।